

■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ৩৯০২

৪৬/ রাসূলুল্লাহ ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা (كتاب المناقب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ৬৬. আনসারগণের ও কুরাইশদের মর্যাদা

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنْيَعٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا عَلَيُّ بْنُ زَيْدٍ بْنُ جُدْعَانَ، حَدَّثَنَا النَّضْرُ بْنُ أَنْسٍ، عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ، أَنَّهُ كَتَبَ إِلَى أَنَسِ بْنِ مَالِكٍ يُعَزِّيهِ فِيمَنْ أُصِيبَ مِنْ أَهْلِهِ وَبَنِيهِ عَمَّهِ يَوْمَ الْحَرَّةِ فَكَتَبَ إِلَيْهِ إِنِّي أُبْشِرُكَ بِبُشْرَى مِنَ اللَّهِ إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ "اللَّهُمَّ اغْفِرْ لِلْأَنْصَارِ وَلِذَرَارِيِّ الْأَنْصَارِ وَلِذَرَارِيِّ ذَرَارِيِّهِمْ" .

قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنْيَعٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا عَلَيُّ بْنُ زَيْدٍ بْنُ جُدْعَانَ، حَدَّثَنَا النَّضْرُ بْنُ أَنْسٍ، وَقَدْ رَوَاهُ قَتَادَةُ عَنِ النَّضْرِ بْنِ أَنْسٍ، عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ .

বাংলা

৩৯০২। যাইদ ইবনু আরকাম (রায়িঃ) হতে বর্ণিত আছে, আল-হাররার দিন আনাস (রায়িঃ)-এর পরিবার ও তার চাচার পরিবার যে নির্যাতনের শিকার হয় তাতে শোক প্রকাশ করে তিনি (যাইদ) আনাস ইবনু মালিক (রায়িঃ)-এর কাছে একখানা শোকবার্তা লিখে প্রেরণ করেন। তিনি তাকে লিখেন, আপনাকে আমি আল্লাহ তা�'আলার পক্ষ হতে একটি সুখ্বর দিচ্ছি। নিশ্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আমি বলতে শুনেছিঃ “হে আল্লাহ! তুমি আনসারদেরকে ক্ষমা করে দাও, তাদের সন্তানদেরও এবং তাদের সন্তানদের সন্তানদেরকেও”।

সহীহঃ বুখারী (৪৯০৬), মুসলিম মারফু" অংশ বর্ণনা করেছেন।

আবু দুসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ। কাতাদাহ (রহঃ) হাদীসটি নায়র ইবনু আনাস হতে, তিনি যাইদ ইবনু আরকাম (রায়িঃ) হতে এই সনদে রিওয়ায়াত করেছেন।

English

Zaid bin Arqam wrote to Anas bin Malik, comforting him over those of his family and children of his paternal uncle who suffered on the day of Al-Harrah. So he wrote to him:

"I give you glad tidings of good news from Allah. I heard the Messenger of Allah (ﷺ) said: 'O Allah forgive the Ansar and the children of the Ansar, and the children of their children."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরকাম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=42224>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন